

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪১১ বাংলা/১০ জুন, ২০০৪ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং ১৫৫-আইন/২০০৪/২০৪৭/শুল্ক।- The Customs Act, 1969 (Act IV of 1969), এর section 19, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন), এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে the Customs Act, 1969 এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (১) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (২) এ উলিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল :-

শর্তাবলী

- (ক) আমদানিকারককে Solar Panel Manufacturing Plant হিসাবে বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত হইতে হইবে;
- (খ) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ Solar Panel Manufacturing এর কাজে ব্যবহার করিতে হইবে;
- (খ) আমদানিকৃত উপকরণ খালাসের পর উহা অন্যবিধ কাজে ব্যবহার/হস্তান্তর করা হইলে আরোপণীয় শুল্ক-কর প্রদানসহ the Customs Act, 1969, এর অধীনে গৃহীত আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারককে ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর নিকট দাখিল করিতে হইবে; এবং
- (গ) আমদানিকৃত উপকরণ Solar Panel Manufacturing -এ নিয়োজিত প্রতিষ্ঠানের কাঁচামাল রেজিস্টারে এন্ট্রি হইয়াছে মর্মে সংশিষ্ট মূল্য সংযোজন কর বিভাগের বিভাগীয় কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী প্রদত্ত প্রত্যয়ন পত্র সংশিষ্ট কাস্টম হাউসের কমিশনার বরাবরে দাখিল করা হইলে অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে; তবে যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে এইরূপ প্রত্যয়ন পত্র সংশিষ্ট কাস্টম হাউসে দাখিল করিতে আমদানিকারক ব্যর্থ হইলে আমদানিকৃত উপকরণের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের চেয়ে কম প্রদত্ত শুল্ক-কর আদায়যোগ্য হইবে।

TABLE

H.S. Code	Description
(1)	(2)
3506.99.00	RTV Seelant
3926.90.90	Junction box
3926.90.90	Tedlar
7007.19.00	Glass Cover Of Solar Panels, Size 421 mm x 977 mm x 3 mm
7020.00.00	Glass Washers (Glass Cover of Solar Cell Module)
8422.40.00	Laminating Machine for Inter-connected Solar Cell Lamination
8428.90.00	Vacuum pick-up machine
8484.90.00	Edge gasket
8468.80.00	Solar Cell Stringer
8541.40.00	Photovoltaic Cell
¹ [8544.49.00	Inter Connect Ribbon For Inter-connecting Solar Cells
9030.33.00	Sun Simulator]
9030.39.00	
9030.89.00	
9030.39.00	Sun Simulator
9030.89.00	
9030.89.00	
9031.80.00	Module testing machine

¹ এসআরও নং ১৬৫-আইন/২০০৭/২১৫৬/শুষ্ক, তারিখ ২৮ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----

(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং -----
তারিখ:----- ইনভয়েস নং----- তারিখ : ----- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক
রিসিট নং ----- তারিখ : ----- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও
উপকরণ Solar Panel Manufacturing এর কাজে ব্যবহার করিব। এর কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত
উক্ত পণ্যের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের শুষ্ক-কর পরিশোধ ছাড়াও the Customs Act, 1969 এর
অধীনে শুষ্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যেকোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :

তারিখ :

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম :

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

পরিশিষ্ট-২

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -----

(সম্পূর্ণ ঠিকানা দিতে হইবে)

বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত Solar Panel Manufacturing Plant. এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র
নং ----- তারিখ : ----- এর আওতায় ইনভয়েস নং -----
----- তারিখ : ----- বিল অব এন্ট্রি নং ----- তারিখ : ----- এর মাধ্যমে
আমদানিকৃত উপকরণ সম্পূর্ণ পরিমাণে/ ----- পরিমাণে উলিখিত প্রতিষ্ঠানের Solar Panel প্রস্তুতের
কাজে ব্যবহার করা হইয়াছে।

স্বাক্ষর :

নাম :

বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ

তারিখ :

সীল :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(খায়রুজ্জামান চৌধুরী)

সচিব।